

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

চট্টগ্রাম

স্মারক নম্বর : ২৮.০৩.০০০০.৫০১.০৯.০০১.২২-৭৮৫

তারিখ : ০৭-১২-২০২২

বিজ্ঞপ্তি

বিষয় : কর্মকর্তাদের ACR ফরম পূরণ প্রসঙ্গে।

কোম্পানির কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম কোম্পানির ওয়েব সাইটে পিডিএফ আকারে সন্নিবেশিত আছে। ইহা A4 সাইজ কাগজে ডাউনলোড করে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে ২ প্রস্থ/সেট স্বহস্তে পূরণ করতে হবে। নিম্নে উল্লেখিত তারিখের মধ্যে ACR ফরম দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরপূর্বক ২ প্রস্থ মানব সম্পদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে :

বিষয়	নির্ধারিত সময়
দাখিল	৩১শে জানুয়ারী, ২০২৩
অনুস্বাক্ষর	২৮শে ফেব্রুয়ারী, ২০২৩
প্রতিস্বাক্ষর	৩০শে মার্চ, ২০২৩

২। ACR ফরম পূরণকালীন নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণীয় :

২.১। ACR ফরমে ১ম অংশ (স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন) কোম্পানির মেডিকেল অফিসার/মেডিকেল রিটেইনার পূরণ করবেন।

২.২। ACR ফরমে ২য় অংশ (জীবন বৃত্তান্ত) অনুবেদনাধীন কর্মকর্তা স্বহস্তে পূরণ করবেন।

২.৩। ACR ফরমে ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ অংশ অনুবেদনকারী কর্মকর্তা পূরণ করবেন।

৩। ফরম পূরণকালীন সময়ে সংশ্লিষ্ট সকলকে পৃষ্ঠা নং-৭ ও ৮ এ প্রদত্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের অনুরোধ করা হ'ল। ফরমের ৩য় ও ৪র্থ অংশ পূরণকালীন সময়ে কর্মকর্তাদের দক্ষতা যথাযথভাবে মূল্যায়ন আবশ্যিক। কোম্পানিতে একই খেঁড়ে কর্মরত কর্মকর্তাদের মধ্যে সামঞ্জস্যতা রক্ষণ আবশ্যিক বিধায় অতিমূল্যায়ন/অবমূল্যায়নের বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে। অনুবেদনাধীন কোন কর্মকর্তার অসাধারণ/অতিউত্তম গুণাবলী/দক্ষতা কিংবা অদক্ষতা/দূর্বলতা/ জরুরী ভিত্তিতে সংশোধনযোগ্য কোন বিষয় থাকলে তা ACR এ উল্লেখ করা বাঞ্ছনীয়।

সংশ্লিষ্ট সকলকে প্রণীত ACR ফরম ও এর অনুসরণীয় নির্দেশনাবলী যথাযথভাবে প্রতিপালনের অনুরোধ করা যাচ্ছে।

(মোঃ টিপু সুলতান)

জেনারেল ম্যানেজার (এইচ আর)

অনুলিপি : ম্যানেজিং ডাইরেক্টর।

জেনারেল ম্যানেজার (মার্কেটিং) ও (এ এন্ড এফ) - অঃ দাঃ।

জেনারেল ম্যানেজার (অপারেশন)।

সকল বিভাগীয় প্রধান।

সকল কস্ট সেন্টার ম্যানেজার।

ফাইল কপি।